দৈনিক সংবাদ

তারিখ SEP. 12.1999
পৃষ্ঠা ৮ কলাম ৩

## আইডিই ছাত্র প্রতিনিধি সম্মেলন

# পলিটেকনিকে ৪ বছরের কোর্স চালুর আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

ইন্সটিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স (আইডিই) আয়োজিত ছাত্র প্রতিনিধি সম্মেলনে পলিটেকনিক শিক্ষাকে আন্তর্জাতিক মানের সঙ্গে সঙ্গতিপূর্ণ করার লক্ষ্যে ৪ বছরের কোর্স চালুসহ প্রধানমন্ত্রীর নির্দেশ অবিলম্বে বাস্তবায়নের দাবি জানানো হয়েছে।

গতকাল শনিবার বেলা ১০টায় কাকরাইলস্থ আইডিই কার্যালয় প্রাঙ্গণে এ সম্মেলন শুরু হয়। দুটি অধিবেশন অনুষ্ঠিত হয় এ উপলক্ষে। ইন্সটিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের সভাপতি রফিকুল ইসলাম ভুঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সম্মেলনে যারা বক্তব্য রাখেন, তারা হলেন : আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য আমির হোসেন আমু, ঢাকা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও নৌ-পরিবহন প্রতিমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীর বিক্রম কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান সাইফুল হক। তাছাড়া আরো যারা বক্তব্য রাখেন তারা হলেন : ঢাকা বিভাগের শামীম কায়সার, চট্টগ্রাম বিভাগের নাজমুল হক জুয়েল, রাজশাহী বিভাগের জুলফিকার মামুন, খুলনা বিভাগের শেখ মুজিবর রহমান, বরিশাল বিভাগের রিয়াজ খান,সিলেট বিভাগের গনি হায়দার মান্নান, ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের শাহরিয়ার মামুন সুশান এবং প্রাক্তন ছাত্রনেতা সারোয়ার হোসেন তালুকদার, জি কে মোস্তফা ও শামসুর রহমান। সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইডিইবির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক এ কে এম এ হামিদ।

মূল প্রবন্ধে এ কে এম এ হামিদ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পঞ্চম পাঁচসালা পরিকল্পনার আওতায় বেসরকারি খাতে ৭টিসহ মোট ৫২টি পলিটেকনিক ইন্সটিটিউট প্রতিষ্ঠা এবং এ শিক্ষাকে আন্তর্জাতিক মানের সঙ্গে সঙ্গতিপূর্ণ করার লক্ষ্যে কোর্সের মেয়াদ ৩ বছর ২ মাস থেকে বাড়িয়ে ৪ বছর করার প্রতিশ্রুতি দেন। কারিগরি শিক্ষা অধিদপ্তরের একটি চিহ্নিত ষড়যন্ত্রকারী মহল প্রধানমন্ত্রীর দপ্তর থেকে ৪ বার তাগিদপত্র দেয়ার পরও বিগত দুবছরে কোর্সের মেয়াদ পরিবর্তন করেনি। বরং কারিগরি শিক্ষা অধিদপ্তর একবার ২৪ কোটি, একবার ১০৩ কোটি, আবার ৪৪ কোটি টাকার বাজেট শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়ে বিভ্রান্তি সৃষ্টি করছে বলে তিনি উল্লেখ করেন।

প্রধান অতিথির ভাষণে আমির হোসেন আমু বলেন, অদক্ষ বাঙালিরা বিদেশে গিয়ে দক্ষ বিদেশীদের তুলনায় কম পারিশ্রমিক পান। অধিক হারে বৈদেশিক মুদ্রা অর্জনের উদ্দেশ্যে দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী ডিপ্লোমা ও কারিগরি শিক্ষাকে আন্তর্জাতিক মানে উন্নীত করার পদক্ষেপ নিয়েছেন। তিনি ডিপ্লোমা প্রকৌশলীদের ন্যায়সঙ্গত দাবিগুলো অবিলম্বে পূরণের আহ্বান জানান।

প্রধানমন্ত্রীর নির্দেশ অবিলম্বে বাস্তবায়ন করার আহ্বান জানিয়ে মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেন, যারা প্রধানমন্ত্রীর নির্দেশ বাস্তবায়ন না করার জন্য ষড়যন্ত্র করছেন, তাদের খুঁটি যত শক্তই হোক না কেন তা উপড়ে ফেলা হবে। ডিপ্লোমা প্রকৌশলীদের দাবিগুলো তিনি প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরবেন বলে আশ্বাস দেন।

দ্বিতীয় অধিবেশনে সভাপতিত্ব করেন ঢাকা জেলা আইডিইবির সাধারণ সম্পাদক খন্দকার নুর-ই আলম।